**জেলা পরিষদ**
**চট্টগ্রাম**
**www.zpchattogram.org**

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নং : ৪৬.৪২.১৫০০.০০২.৪১.১৫৭.২৫.৭৫১১ তারিখ : ১২.০১.২০২৬ খ্রিঃ

বিষয় : প্যানেল আইনজীবী তালিকাভূক্তি বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত বিজ্ঞপ্তিখানা তাঁর বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় আগামী ১৩.০১.২০২৬ খ্রিঃ তারিখে ০১ (এক) দিনের জন্য ৬ ইঞ্চি X ০৩ কলামে প্রচার করার জন্য অনুরোধ করা হলো। প্রচারিত বিজ্ঞপ্তিসহ ০২ (দুই) কপি পত্রিকা এবং বিল দাখিল করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্ত : প্যানেল আইনজীবী তালিকাভূক্তি বিজ্ঞপ্তি ০১ (এক) প্রস্ত।

12-01-26

(চৌধুরী রওশন ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চট্টগ্রাম
ফোন : ০২৪১৩৬১০৮২
ফ্যাক্স : ০২৪১৩৬১০৮৫
zpchittagong@lgd.gov.bd

প্রাপক :

বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক ......আজাদী......
চট্টগ্রাম।

বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক ......পূর্বদেশ......
চট্টগ্রাম।

CamScanner

জেলা পরিষদ
চট্টগ্রাম
www.zpchattogram.org

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নম্বর : ৪৬.৪২.১৫০০.০০০.০০১.৬১.০০১০.২৫.৭৫১১

তারিখ: ২৮ পৌষ ১৪৩২
১২ জানুয়ারি ২০২৬

**প্যানেল আইনজীবী তালিকাভুক্তি বিজ্ঞপ্তি**

চট্টগ্রাম জেলা পরিষদের পক্ষে চট্টগ্রাম জেলার বিভিন্ন আদালতে ও বাংলাদেশ সুপ্রীম কোর্টে দেওয়ানী মামলা/রিট মামলা/ অন্যান্য মামলা পরিচালনার নিমিত্ত আইনজীবীদের প্যানেল তৈরীর জন্য আইন পেশায় নিয়োজিত দক্ষ ও নিষ্ঠাবান বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রচলিত সরকারি ও জেলা পরিষদের নির্দেশনাবলী/বিধি মোতাবেক তালিকাভূক্ত করা হবে।

**শর্তাবলী :**

১। প্রার্থীকে আইনজীবী হিসেবে দেওয়ানী মামলা পরিচালনায় ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। জেলা পরিষদের পক্ষে মহামান্য সুপ্রীম কোর্টে মামলার পরিচালনায় আগ্রহী প্রার্থীকে আইনজীবী হিসেবে হাইকোর্টে মামলা পরিচালনায় কমপক্ষে ০৭ (সাত) বছরের অভিজ্ঞতাসহ ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

২। প্যানেল আইনজীবীগণ জেলা পরিষদের জন্য প্রযোজ্য স্থানীয় সরকার বিভাগ/অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত সিডিউল অফ রেট অনুযায়ী ফি প্রাপ্য হবেন। তবে কোন নির্ধারিত বেতন প্রদান করা হবে না।

৩। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। প্রার্থীদের বয়স বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে ৬৫ বৎসরের অধিক হতে পারবে না।

৪। প্যানেল আইনজীবীগণের মেয়াদ ০৩ (তিন) বৎসর এবং উভয় পক্ষের সম্মতি সাপেক্ষে তা নবায়ন করা যাবে। তবে পদত্যাগ/অব্যাহতির ক্ষেত্রে যে কোন পক্ষের ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদানপূর্বক তা কার্যকর হবে।

৫। আগ্রহী প্রার্থীগণ আবেদন পত্রে প্রার্থীর নাম, পিতার নাম/ স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী, বর্তমান ও চেম্বারের ঠিকানা উল্লেখক্রমে আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র (এনআইডি), শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি, বার কাউন্সিল সনদ, স্থানীয় বার-এ যোগদানের সনদ, হাইকোর্ট বিভাগে আইনজীবী হিসেবে অর্ন্তভূক্তি সনদ, অন্যান্য প্রাসঙ্গিক সনদ এবং পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সদ্য তোলা ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করে **আগামী ০৮.০২.২০২৬ খ্রি.** তারিখের মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম এর বরাবরে অবশ্যই পৌছাতে হবে। আবেদনপত্রে এবং খামের উপর চট্টগ্রাম জেলা পরিষদের প্যানেল আইনজীবী পদে তালিকাভূক্তি আবেদনপত্র উল্লেখ করতে হবে।

৬। কর্তৃপক্ষ কোন ধরনের কারণ দর্শানো ব্যতিরেকে আইনজীবী প্যানেল তালিকাভূক্তি সম্পর্কিত কার্যক্রম আংশিক/সম্পূর্ণ স্থগিত বা বাতিল করার বা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন। আইনজীবী প্যানেল তালিকাভূক্তি ক্ষেত্রে কর্তৃপক্ষ এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

12-01-26

(চৌধুরী রওশন ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চট্টগ্রাম
ফোন: ০২৪১৩৬১০৮২
ফ্যাক্স: ০২৪১৩৬১০৮৫
zpchittagong@lgd.gov.bd

CamScanner